দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 1989
পৃষ্ঠা 3 কলাম 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

৫২৪

৭২

## 'সংখ্যাগরিষ্ঠ জনগণকে নিরক্ষতার অভিশাপ মুক্ত করিতে হইবে'

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, প্রেসিডেন্ট এরশাদ এ দেশের রাজনীতিতে গুণগত পরিবর্তন আনিয়াছেন এবং শিক্ষাঙ্গন-সমূহকে রাজনীতিমুক্ত করার ক্ষেত্রে (৪র্থ পৃঃ দ্রঃ)

### সংখ্যাগরিষ্ঠ জনগণকে

(৩য় পৃঃ পর)

নিজে পথিকৃতের ভূমিকা পালন করিয়াছেন। মন্ত্রী গত শুক্রবার মিরপুর গাবতলী ফুটবল মাঠে হযরত শাহ আলী মডেল হাই স্কুলের বিজ্ঞান ভবন উদ্বোধন উপলক্ষে আয়োজিত সর্বস্তরের এক জনসমাবেশে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়নের জন্য দলমত নির্বিশেষে সমাজের সকল স্তরের জনগণের অংশগ্রহণ প্রয়োজন এবং তাহাদের সকলের উচিত সম্মিলিতভাবে সরকারের উন্নয়ন প্রচেষ্টায় সর্বপ্রকার সহযোগিতা দান করা। তিনি বলেন, আমাদের দেশের সংখ্যাগরিষ্ঠ জনগণকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করিতে হইবে যাহাতে আমরা একটি শিক্ষিত জাতি হিসাবে বিশ্বদরবারে নিজেদের মর্যাদা প্রতিষ্ঠা করিতে পারি।

স্কুলের কার্যকরী পরিষদের সভাপতি চৌধুরী গোলাম মাওলার সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে বক্তৃতা করেন স্থানীয় ওয়ার্ড কমিশনার মফিজুল হক, যুব নেতা কামরুজ্জামান আয়েত আলী এবং স্কুলের প্রধান শিক্ষক শাখাওয়াত হোসেন।

মন্ত্রী স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী ছাত্র-ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। —তথ্য বিবরণী।